NYC Public Schools PS+YOU
From Chancellor **David C. Banks**
চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



# সিটিব্যাপী নারীদের উদযাপন

প্রিয় নিউ ইয়র্কবাসী,

মার্চ হলো নারী ইতিহাসের মাস, এবং বিজ্ঞান, চিকিৎসা, শিল্প, সাহিত্য, রাজনীতি, বিভিন্ন কর্মকাণ্ড এবং আরও অনেক কিছুর মাধ্যমে অগণিত উপায়ে আমাদের সিটি, আমাদের দেশ, আমাদের জাতি, এবং আমাদের বিশ্বে নারীদের অবিশ্বাস্য অবদানকে শ্রদ্ধা জানানোর উদ্দেশ্যে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলি আমাদের পরিবারদের সাথে যোগ দিয়েছে।

আমাদের লক্ষ্যের অংশ হলো এবিষয়টি নিশ্চিত করা যে, আমাদের শিক্ষার্থীরা যেন ইতিহাস জুড়ে নারীরা যে অবদান রেখেছেন সেবিষয়ে পাঠ করে: এটি শুধুমাত্র নারীদের ইতিহাসের মাসেই নয়, বরং শিক্ষা বছরব্যাপী। কিশোরীদের তাদের পূর্ণ সম্ভাবনায় পৌঁছুতে সেসব অনুকরণীয় ব্যক্তিত্বদের দেখা প্রয়োজন, যারা সুযোগের সব দরজা পেরিয়ে এসেছে, একটি নতুন পথের দিশা দেখিয়েছেন, এবং সম অধিকার নিশ্চিত করতে অটল থেকেছেন।

সেসব নারী, যেমন ব্রংক্সে জন্মগ্রহণকারী আইনজ্ঞ সোনিয়া সোটোমায়র (Sonia Sotomayor), যিনি প্রথম লাতিনা হিসেবে যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টে বিচারপতি নিযুক্ত হন।

সেসব নারী, যেমন ব্রুকলিনে জন্মগ্রহণকারী জয় রিড (Joy Reid), যিনি MSNBC-এর *The ReidOut* নামক শো-এর উপস্থাপক হিসেবে কেবল টেলিভিশনের প্রথম কৃষ্ণাঙ্গ প্রাইমটাইম এঙ্কর হন।

সেসব নারী, যেমন গ্রেইস-মেং (Grace Meng) যিনি কুইন্স থেকে যুক্তরাষ্ট্রের কংগ্রেসওয়েম্যান, এবং নিউ ইয়র্ক স্টেট থেকে সর্বপ্রথম এবং একমাত্র এশিয়ান আমেরিকান কংগ্রেস সদস্য।

অবশ্যই, এমন আরও অনেক নারী আছেন যারা জীবনের বিভিন্ন স্তর থেকে উঠে এসেছেন যারা অধ্যবসায় এবং দৃঢ়-সংকল্পের মাধ্যমে বিভিন্ন বাধা অতিক্রম করে অনুকরণীয় হয়েছেন। আমি এই নারীদের ইতিহাসের মাসে ম্যানহাটানে অবস্থিত আমাদের কেন্দ্রীয় কার্যালয়ে এমন দুজন নারীকে উদযাপন করতে পেরে সম্মানিত বোধ করেছি।

ভাই হিগিনসেন (Vy Higginsen) -একজন খ্যাতিমান লেখক, নাট্যকার, রেডিও এবং টিভি ব্যক্তিত্ব, তার ক্লাসিক ব্ল্যাক গসপেল মিউজিক “Mama I Want To Sing!,” নিয়ে কথা বলেছেন, যা হারলেমে গত 40 বছর ধরে বাজানো হচ্ছে। তার মামা ফাউন্ডেশন ফর দ্যা আর্টস্ (Mama Foundation for the Arts) গত কয়েক দশক ধরে কিশোর-কিশোরীদেরকে মিউজিক শিক্ষা দিয়ে আসছে; ভাই(Vy) বলেন যে, এইসব ছেলেমেয়েদের “বেড়ে ওঠা ও বিকশিত হওয়া এবং তাদের নিয়তি তারা যেভাবে চায় সেভাবে গড়ে নিচ্ছে," তা দেখে চমৎকার লেগেছে।

নায়েলি চ্যাভেজ-গেলার (Nayeli Chavez-Geller), ইউনিভিশনস্ নেটওয়ার্কের নিউজম্যাগাজিন শো- প্রাইমার ইমপ্যাক্টো (“Primer Impacto”)-এর নিউ ইয়র্ক সিটি সংবাদদাতা, একজন 15 বছর বয়সী হিসেবে জার্নালিজম পেশায় প্রবেশের বিষয়ে মেক্সিকো থেকে তার নিউ ইয়র্ক সিটিতে যাত্রার উপর মনোজ্ঞ আলোচনা করেন - যেখানে তিনি এখন অন্যদের গল্প শোনান।

আমরা যদি আমাদের অতিথি বক্তাদের দ্বারা অনুপ্রাণিত হয়ে থাকি, আমরা একইভাবে সেলিয়া ক্রুজ হাই স্কুল অভ মিউজিক ইন দ্যা ব্রংক্সের দারুণ বেলা-ভসি কোয়্যার (Bella Voce Choir) দ্বারাও অনুপ্রাণিত হয়েছি; কিশোরীরা জ্যাকুলিন বার্গল্যান্ডের (Jacqueline Bergland) নির্দেশনায় তিনটি প্রকৃত উৎসাহব্যঞ্জক গান করে। এইসব কিশোরীদের হৃদয় স্পর্শকারী গান আমার হৃদয়কেও ছুঁয়ে গেছে।

আমাদের উদযাপনে যারা অংশগ্রহণ করেছেন আমি তাদের প্রত্যেককে ধন্যবাদ জানাই। আমি তাদের প্রতিও শ্রদ্ধা নিবেদন করছি যারা আমাদের স্কুল সিস্টেমে প্রতিদিন প্রশংসিত না হয়েও হিরো হিসেবে অবদান রাখছেন। সেসব নারী, যারা আমাদের সন্তানদের শিক্ষাদান করেন এবং যত্ন নেন। সেসব নারী, যারা আমাদের স্কুলগুলোতে নেতৃত্ব দিচ্ছেন। সেসব নারী, যারা বিভিন্ন প্রোগ্রাম এবং নীতিমালার তত্ত্বাবধান করেন যেগুলি আমাদের সন্তানদের শিক্ষায় সহায়ক। সেসব নারী যারা আমাদের সকল শিক্ষার্থীকে তাদের সম্মুখে সুযোগের সকল প্রবেশদ্বার খোলা রেখে উজ্জ্বল ভবিষ্যতের পথে এগিয়ে দেবার জন্য অক্লান্ত পরিশ্রম করছেন। নারীদের অব্যাহত অবদানে আমাদের ভবিষ্যত শুধুমাত্র উজ্জ্বলই হতে পারে।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

## NYC স্কুল সংক্রান্ত জরিপটি পূরণ করার এখনও সময় আছে

বার্ষিক NYC স্কুল সংক্রান্ত জরিপটি হচ্ছে আপনার জন্য আমাদের কাজ কেমন হচ্ছে এবং আমরা আমাদের স্কুলকে শেখার আরও ভালো স্থান করার লক্ষ্যে আর কী কী করতে পারি তা আমাদের জানানোর একটি দুর্দান্ত সুযোগ। আমরা জোরালোভাবে প্রত্যেক পিতামাতা, শিক্ষার্থী, ও স্টাফ সদস্যকে এই জরিপটি 10-টি লভ্য ভাষায় পূরণ করতে উৎসাহিত করছি। শেষ সময় **31 মার্চ** তারিখ।

জরিপটি কীভাবে পাওয়া যাবে:

- **আপনার সন্তান যদি K–12 গ্রেডের হয়, তাহলে** অনলাইনে জরিপ পূরণ করতে **আপনার সন্তানের নয়-রাশির স্টুডেন্ট আইডেন্টিফিকেশন নম্বর অথবা OSIS প্রয়োজন হবে।** আপনি OSIS পাবেন আপনার শিক্ষার্থীর রিপোর্ট কার্ডে, স্কুল ID কার্ডে এবং তার NYC স্কুলস্ অ্যাকাউন্টে। জরিপ (সার্ভে) পেজ-এ যাবার পর, আপনার জরিপটি পেতে হলে আপনাকে অবশ্যই "f" অক্ষরটি এবং এরপর সন্তানের OSIS নম্বর টাইপ করতে হবে। লক্ষ্য করবেন যে, “f” অক্ষরটি হতে হবে লোয়ার কেস বা ইংরেজি ছোট অক্ষরের। পরিবারদের যদি তাদের সন্তানের স্টুডেন্ট আইডেন্টিফিকেশন নম্বরটি শনাক্ত করতে সহায়তার প্রয়োজন হয়, তবে তাদেরকে তাদের সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করা উচিত।
- যদি আপনার **সন্তান 3-K অথবা প্রি-K-এর শিক্ষার্থী হয়,** তবে অনুগ্রহ করে আপনার সন্তানের **জরিপের অ্যাক্সেস কোড পেতে** আপনার সন্তানের স্কুল বা প্রোগ্রামের সাথে যোগাযোগ করুন।
- পরিবারেরা তাদের NYC স্কুলস অ্যাকাউন্ট (NYCSA) পোর্টাল-এ লগ ইন করে জরিপটি পূরণ করতে পারেন, যেখানে তারা তাদের শিক্ষার্থীর গ্রেড, পরীক্ষার স্কোর এবং আরও অনেক কিছু দেখতে পাবেন।

**আমাদের সাপ্তাহিক পর্যালোচনার ভিডিও**




এবং এখানে মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে অনুগ্রহ করে এখানে ক্লিক করুন।

*অনুদিত ক্যাপশনের জন্য: "CC" আইকনে ক্লিক করুন।"Setting" আইকনে ক্লিক করুন এবং "Subtitles/CC" বেছে নিন। "Auto-translate" বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

আপনি যদি PS+You থেকেআর কোনো ইমেইল মেসেজ না পেতে চান, তবে আনসাবস্ক্রাইব করুন।